বাংলাদেশ তাঁত বোর্ড
বিটিএমসি ভবন (৫ম তলা)
৭-৯, কাওরান বাজার
ঢাকা-১২১৫।
www.bhb.gov.bd

স্মারক নং-২৪.০৫.০০০০.০০০.৫২২.৪১.০১০৯.২৫- ৯২৪

তারিখঃ ২৩ আষাঢ় ১৪৩৩
০৭ জুলাই ২০২৬

**বিষয়ঃ স্যুভেনির/ম্যাগাজিনের নাম প্রস্তাব প্রতিযোগিতা আহ্বান সংক্রান্ত পুনঃবিজ্ঞপ্তি।**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ তাঁত বোর্ড হতে তাঁতশিল্পের ইতিহাস, ঐতিহ্য, উন্নয়ন, তাঁতশিল্পীদের জীবনধারা, উদ্যোক্তা উন্নয়ন, GI নিবন্ধন, দেশ-বিদেশে তাঁতবস্ত্রের বাজার সম্প্রসারণ এবং বাংলাদেশে তাঁতশিল্পের ভবিষ্যৎ কৌশলগত পরিকল্পনা বিষয়ক একটি মানসম্মত ও সচিত্র স্যুভেনির প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত স্যুভেনিরের জন্য একটি সুন্দর, তাৎপর্যপূর্ণ, মর্যাদাপূর্ণ ও প্রাসঙ্গিক নাম নির্ধারণের লক্ষ্যে বাংলাদেশ তাঁত বোর্ডের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারী, সংশ্লিষ্ট সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, তাঁতি, উদ্যোক্তা, গবেষক ও অংশীজনদের নিকট থেকে পুনরায় নাম প্রস্তাব আহ্বান করা যাচ্ছে।

**নাম প্রস্তাবের নির্দেশনাঃ** নামটি সংক্ষিপ্ত, অর্থবহ ও মৌলিক হতে হবে। তাঁতশিল্পের ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি ও আধুনিক সম্ভাবনাকে প্রতিফলিত করতে হবে। বাংলা বা ইংরেজি উভয় ভাষায় প্রস্তাব গ্রহণযোগ্য। প্রস্তাবের সঙ্গে প্রস্তাবকারীর নাম, পদবি/পরিচয়, মোবাইল নম্বর ও ই-মেইল উল্লেখ করতে হবে। প্রস্তাব প্রেরণের শেষ তারিখ **২৭ জুলাই ২০২৬ খ্রি.।** প্রেরণের ঠিকানা: ই-মেইল: abadotbhb1988@gmail.com ডাকযোগে: ব্যবস্থাপক (মার্কেটিং) ও সদস্য-সচিব, স্যুভেনির/ম্যাগাজিন প্রকাশনা কমিটি, বাংলাদেশ তাঁত বোর্ড, বিটিএমসি ভবন (৫ম তলা), ৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫। প্রাপ্ত প্রস্তাবসমূহ যাচাই-বাছাই সাপেক্ষে চূড়ান্ত নাম নির্বাচন করা হবে। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে কোনো প্রস্তাব গ্রহণ বা সংশোধনের অধিকার সংরক্ষণ করে। সংশ্লিষ্ট সকলকে নির্ধারিত তারিখের মধ্যে নাম প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৭.০৭.২৬
(মোঃ এবাদত হোসেন)
ব্যবস্থাপক (মার্কেটিং)
ও
সদস্য-সচিব, স্যুভেনির/ম্যাগাজিন প্রকাশনা কমিটি
বাংলাদেশ তাঁত বোর্ড
মোবাইল নং ০১৮৭০-৬১৪৯৯৮

**বিতরণঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১-৪। সদস্য (পরিঃ ও বাস্তঃ/অর্থ/ওএন্ডএম/এসএন্ডএম), বাতাঁবো, ঢাকা।
০৫। বিভাগ/অনুবিভাগ/শাখা প্রধান (সকল) ........................................ বাতাঁবো, ঢাকা [তাঁর অধীন প্রধান কার্যালয় এবং মাঠ পর্যায়ে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীকে অবহিত করার অনুরোধসহ]
০৬। প্রকল্প পরিচাক (সকল)........................................ বাতাঁবো, ঢাকা (তাঁর অধীন সকল কর্মকর্তা/কর্মচারীকে অবহিত করার অনুরোধসহ)।
০৭। অধ্যক্ষ, বাতাঁশিপ্রই, নরসিংদী/ ফ্যাশন ডিজাইন ট্রেনিং ইনস্টিটিউট, নরসিংদী/ নরসিংদী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, নরসিংদী।(তাঁর অধীন সকল কর্মকর্তা/কর্মচারী/শিক্ষার্থীকে অবহিত করার অনুরোধসহ)।
০৮। প্রশাসক, বাংলাদেশ জাতীয় তাঁতি সমিতি লিমিটেড, কাওরান বাজার, ঢাকা।
০৯। ব্যবস্থাপক, টিএফসি, শাহজাদপুর (তাঁর অধীন সকল কর্মকর্তা/কর্মচারীকে অবহিত করার অনুরোধসহ)।
১০। সহকারী মহাব্যবস্থাপক, সিপিসি, মাধবদী, নরসিংদী/সহকারী মহাব্যবস্থাপক, এসএফসি, কুমারখালী, কুষ্টিয়া (তাঁর অধীন সকল কর্মকর্তা/কর্মচারীকে অবহিত করার অনুরোধসহ)।
১১। সিনিয়র ইন্সট্রাক্টর/ইন্সট্রাক্টর, ফ্যাশন ডিজাইন প্রশিক্ষণ উপকেন্দ্র, বেলকুচি/কালিহাতি/কমলগঞ্জ (তাঁর অধীন সকল কর্মকর্তা/কর্মচারীকে অবহিত করার অনুরোধসহ)।
১২। ইন্সট্রাক্টর, তাঁত প্রশিক্ষণ কেন্দ্র, রংপুর/সিলেট (তাঁর অধীন সকল কর্মকর্তা/কর্মচারীকে অবহিত করার অনুরোধসহ)।
১৩। প্রশিক্ষক, তাঁত প্রশিক্ষণ উপকেন্দ্র, বেড়া, পাবনা (তাঁর অধীন সকল কর্মকর্তা/কর্মচারীকে অবহিত করার অনুরোধসহ)।
১৪। লিয়াজোঁ অফিসার/ভারপ্রাপ্ত লিয়াজোঁ অফিসার, বেসিক সেন্টার/সাব-বেসিক সেন্টার (সকল)........................ (তাঁর অধীন সকল কর্মকর্তা/কর্মচারীকে অবহিত করার অনুরোধসহ)।

১৫। জনসংযোগ কর্মকর্তা, বাতাঁবো, ঢাকা (বিজ্ঞপ্তিটি বাতাঁবোর ফেসবুক পেইজে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১৬। আইসিটি ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বাতাঁবো, ঢাকা (বিজ্ঞপ্তিটি বাতাঁবোর ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১৭। ..........................................................................................

১৮। অফিস কপি

অনুলিপিঃ **(সদয় অবগতির জন্য)**

১। সদস্য (পরিঃ ও বাস্তঃ) ও আহ্বায়ক, স্যুভেনির/ম্যাগাজিন প্রকাশনা কমিটি, বাতাঁবো, ঢাকা।
২। সমন্বয় কর্মকর্তা, বাতাঁবো, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৭.০৭.২৬

মোঃ এবাদত হোসেন
ব্যবস্থাপক (মার্কেটিং)